



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

প্রশাসন অনুবিভাগ
স্থানীয় সরকার বিভাগ

বিষয়ঃ 'জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন' বাস্তবায়ন।

সূত্রঃ স্বাস্থ্য সেবা বিভাগের আধা-সরকারি পত্র নং-৪৫.০০.০০০০.১৭১.৭০.০০২.২০.২৬১

তারিখঃ ১৫/০৯/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এ সাথে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক 'জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন' সার্বিকভাবে সফল করার জন্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদেরকে জাতীয় গুরুত্বপূর্ণ কার্যক্রমে সর্বাঙ্গিক সহযোগিতার করার নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

এ কে এম মিজানুর রহমান
উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/পৌর-১/পৌর-২/জেলা পরিষদ/উপজেলা-১/উপজেলা-২/ইউনিয়ন পরিষদ-২/উন্নয়ন-১/পাস-১/পাস-২/পাস-৩), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সিনিয়র সহকারী সচিব (ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

ইউ, ও নোট নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৩.২০২০-৮৬৫

তারিখঃ ২১/০৯/২০২০



স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর	
১) প্রতিরক্ষা সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) উপজেলা অধিগাথা
৩) যুগ্ম-সচিব	৩) উন্নয়ন
৪) যুগ্ম-প্রধান	৪) নগর উন্নয়ন
	৫) পাস
	৬) আইন
ডায়েরি নং: ১৭/১/২০২০	স্বাক্ষর

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও.নং-৪৫.০০.০০০০.১৭১.৭০.০০২.২০.২৬১

তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ
৩১ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ১৯৭৭ সাল থেকে জাতীয়ভাবে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর কার্যক্রম পরিচালনা করে আসছে। এ কার্যক্রমের ফলে ৬-৫৯ মাস বয়সী শিশুদের কভারেজ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ২০১৭ সালে শতকরা প্রায় ৯৯ ভাগ (প্রশাসনিকভাবে প্রাপ্ত তথ্যানুযায়ী)-এ উন্নীত হয়েছে। অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ছিল রাতকানার শতকরা হার ১ ভাগের নিচে নামিয়ে আনা। ইতোমধ্যে বাংলাদেশে সেই লক্ষ্য অর্জিত হয়েছে। ভিটামিন 'এ' শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে এবং শিশু মৃত্যুর ঝুঁকি কমায়। অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধে এই অর্জিত হার ধরে রাখা অথবা তা শূণ্যের কোঠায় নামিয়ে আনা এবং শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে শিশু মৃত্যুর ঝুঁকি কমানোর লক্ষ্যে বছরে ২ বার ৬-১১ মাস বয়সী শিশুদের ১ টি নীল রঙের (১ লক্ষ আই. ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের ১ টি লাল রঙের (২ লক্ষ আই. ইউ) উচ্চক্ষমতা সম্পন্ন ভিটামিন 'এ' খাওয়ানোর কার্যক্রম চালিয়ে যাওয়া একান্ত জরুরি।

বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির প্রেক্ষাপটে স্বাস্থ্যবিধি মেনে আগামী ২৬ সেপ্টেম্বর ২০২০ থেকে পক্ষকালব্যাপী নির্ধারিত ইপিআই কেন্দ্রসমূহে পর্যায়ক্রমে ৬-১১ মাস বয়সী শিশুদের ১টি নীল রঙের (১ লক্ষ আই, ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের ১টি লাল রঙের (২ লক্ষ আই, ইউ) উচ্চক্ষমতা সম্পন্ন ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। এছাড়াও পুষ্টি বিষয়ক বিভিন্ন বার্তা জনগণের মাঝে প্রচার করা হবে।

সামাজিক/শারীরিক দূরত্ব (কমপক্ষে ৩ ফুট) বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে আসন্ন 'জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন' কে সর্বাঙ্গিকভাবে সফল করার লক্ষ্যে আপনার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হলে জাতীয় গুরুত্বপূর্ণ এ কর্মসূচি সফল বাস্তবায়নে অত্যন্ত সহায়ক হবে।

বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত প্রতিনিধিগণ সংশ্লিষ্ট এলাকায় 'জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন' বাস্তবায়নের জন্য সামাজিক উদ্বুদ্ধকরণে প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছেন। বিশেষ করে সিটি কর্পোরেশন ও পৌরসভার নির্বাচিত প্রতিনিধিগণ এই কর্মসূচি সফলভাবে সম্পন্ন করার ক্ষেত্রে সহযোগিতা প্রদান করে থাকেন। এই কর্মসূচি এবারও সফলভাবে বাস্তবায়নের জন্য আপনার অধীনস্থ সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য আপনাকে সবিনয় অনুরোধ করছি।

সত্যের স্বাক্ষর -

মো. আবদুল মান্নান

অতিঃযুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নং: ১০৪/১/২০২০ তারিখ: ১৫/০৯/২০২০
অতিরিক্ত সচিব (প্রশাসন)

জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডায়েরি নং: ২৪৫
তারিখ: ২২/০৯/২০২০
প্রশাসনিক কর্মকর্তা (সিনিয়র-১)
উপসচিব (প্রশাসন-১)

প্রশাসন-১/২জেপ/স ও কা
নং: ১০৭/১/২০২০ তারিখ: ২০/৯/২০
যুগ্মসচিব (প্রঃ)